# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১১৯৩

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩১. প্রথম অনুচ্ছেদ - রাতের সালাত

بَابُ صَلَاةِ اللَّيْلِ

### আরবী

وَعَنْ عَائِشَةَ قَالَتْ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا قَامَ مِنَ اللَّيْلِ لِيُصَلِّيَ افْتتح صلَاته بِرَكْعَتَيْنِ خفيفتين. رَوَاهُ مُسلم

### বাংলা

১১৯৩-[৬] ’আয়িশাহ্ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন রাত্রে (তাহাজ্জুদের) সালাত (সালাত/নামায/নামাজ) আদায়ের জন্যে দাঁড়াতেন তখন তিনি তাঁর সালাতের আরম্ভ করতেন দু’ রাক্’আত সংক্ষিপ্ত সালাত দিয়ে। (মুসলিম)[1]

### ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৭৬৭।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (افْتَتَحَ صَلَاتَه بِرَكْعَتَيْنِ خَفِيْفَتَيْنِ) হালকা দুই রাক্‘আত দ্বারা তিনি রাতের সালাত আরম্ভ করতেন। ত্বীবী বলেন, হালকা দুই রাক্‘আত দ্বারা সালাত আরম্ভ করার উদ্দেশ্য হলো যাতে ঘুমের জড়তা কেটে গিয়ে উৎফুল্লতা আসে এবং সালাতে পূর্ণ মনোযোগের সাথে প্রবেশ করতে পারেন। এর পর তিনি তা দীর্ঘ করতেন। আবূ হুরায়রাহ্ (রাঃ) থেকে বর্ণিত পরবর্তী হাদীসে এর নির্দেশ রয়েছে। যা প্রমাণ করে যে, রাতের সালাত (সালাত/নামায/নামাজ) হালকা দুই রাক্‘আত দিয়ে শুরু করা মুস্তাহাব। আর এটাও বুঝা যায় যে, এ দুই রাক্‘আত তাহাজ্জুদের অন্তর্ভুক্ত। আর ‘আয়িশাহ্ (রাঃ) যখন তার বর্ণনায় এ দুই রাক্‘আত সংযোগ করেছেন তখন তিনি তের রাক্‘আতের কথা বলেছেন। আর যখন তিনি তা বাদ দিয়েছেন তখন এগার রাক্‘আতের কথা বলেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55753

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন